



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২  
মনিরামপুর, যশোর।

ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬(অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২০২২. ৪ ৪৬

তারিখঃ ১০ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ।  
২৫ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ।

**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০২১ অনুযায়ী মূল বেতন ১৪,৭০০.০০ টাকা অথবা সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান যোগ্য।	০১। <b>বয়স সীমা:</b> প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়াম) বছর (১৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৫৫ বছর বয়স পর্যন্ত চাকুরী করতে পারবেন। ০২। <b>অভিজ্ঞতা:</b> আগ্রহী প্রার্থীগণের মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ (তিন)বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৩। <b>অন্যান্য যোগ্যতা:</b> (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। (ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ দান করা হবে। চুক্তিকালীন কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতোপূর্বে তদন্ত করা না হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ২/১ টি কর্মদিবস বিরতি দিয়ে একই পদে পুনরায় ০৩(তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ ৩ বার বা ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

**শর্তাবলীঃ**

০১। আবেদন পত্র পূরণ ও জমাদান : যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (pbs2.jessore.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১৮/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, মনিরামপুর, যশোর-এ পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সাদা কাগজে লিখিত/টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে:**

- (ক) ০৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি;
- (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
- (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
- (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **অন্যান্য শর্তাবলী:**

- (ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।
- (খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

চলমান পাতা-০২

Ma



